

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ মে ২০২২

শুভ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে মেয়র

## ধর্ম মানুষের আত্মাকে পরিশুদ্ধ করে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো.রেজাউল করিম চৌধুরী বলেছেন, আমরা যে উদ্দেশ্য নিয়ে মুক্তিযুদ্ধ করেছিলাম তার মূল লক্ষ্য ছিল একটি অসম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তোলা। এদেশে বৃটিশ ও পাকিস্তানী উপনিবেশিক শাসকেরা ধর্মকে ব্যবহার করে সাম্প্রদায়িকতার বিষবাস্প ছড়িয়ে নিজেদের স্বার্থ হাসিলের অনেক অপেচেষ্টা করেছে তাতে তারা সফল হয়নি। তিনি আরো বলেন, ধর্ম মানুষকে সঠিক পথে পরিচালিত হওয়ার দিক নির্দেশনা দিয়েছে। এই নির্দেশনা মেনে চললে সমাজের কোথাও বিশৃঙ্খলা হতে পারে না এবং ধর্ম মানুষের আত্মাকে পরিশুদ্ধ করে। মেয়র বলেন, মহামতি বৌদ্ধ যেমন বলেছেন অহিংসাই পরম ধর্ম, অনন্যা ধর্মও একই কথা বলা হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন আসন্ন বুদ্ধ পূর্ণিমা উদযাপনে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে বলেও জানান। আজ শনিবার সকালে চসিক আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনের কে বি আবদুচ সত্তার মিলনায়তনে শুভ বুদ্ধ পূর্ণিমা উদযাপন উপলক্ষে এক শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথিরবক্তব্যে একথা বলেন। জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমনের সভাপতিত্বে এবং রিপন বড়ুয়ার সঞ্চালনায় শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারি, সংরক্ষিত কাউন্সিলর রুমকি সেনগুপ্তসহ আরো বক্তব্য রাখেন প্রকৌশলী জয়সেন বড়ুয়া বৌদিমত্র, সমিরন বড়ুয়া, তপু বড়ুয়া প্রমুখ। অনুষ্ঠানে মেয়র আরো বলেন, মন থেকেই সং কর্ম ও দুষ্কর্মের ইচ্ছাশক্তি উতপন্ন হয়। প্রসন্ন মন নিয়ে চলতে পারলে ভালো কাজ করা সম্ভব হয়। দুঃস্থ মনে কাজ করলে দুঃখ ভোগ করতে হয়। তিনি মূর্খের সেবা নয়, পন্ডিতের সান্নিধ্যে থাকার আহ্বান জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩